website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৯

২১ জুন ২০২১
তারিখঃ -----------------
৭ আষাঢ় ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

**দেশে চলমান করোনাভাইরাস সংকট মোকাবেলায় ব্যাংকসমূহের কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (CSR) কার্যক্রমের আওতায় বিশেষ CSR কার্যক্রম পরিচালনা প্রসংগে।**

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে ২৬ এপ্রিল ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলারের মাধ্যমে করোনাভাইরাসের সংক্রমণজনিত কারণে ক্ষতিগ্রস্ত অসহায় জনগোষ্ঠীকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের মাধ্যমে সামাজিক দায়বদ্ধতা পরিপালনের উদ্দেশ্যে বিশেষ CSR কার্যক্রম পরিচালনা সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়। উক্ত সার্কুলারের অনুচ্ছেদ নং-৫ ও ৬- এ বিশেষ CSR খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় ও হিসাব সংরক্ষণ বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।

৩। সম্প্রতি করোনাভাইরাস এর দ্রুত সংক্রমণশীল ভারতীয় ধরন দেশের সীমান্তবর্তী জেলা বিশেষতঃ রাজশাহী ও খুলনা বিভাগের আওতাধীন জেলাসমূহে ছড়িয়ে পড়ছে। উক্ত অঞ্চলের দরিদ্রদের মধ্যে কোভিড-১৯ এর সংক্রমণ বাড়ছে মর্মে বিভিন্ন সংবাদ মাধ্যম হতে জানা যাচ্ছে। তাছাড়া বিভিন্ন ব্যাংক হতে জানা গেছে যে, দ্রুততম সময়ের মধ্যে সম্পাদনের লক্ষ্যে তারা নিজেদের সক্ষমতা ব্যবহার করে নিজস্ব ব্যবস্থাপনায় বিশেষ CSR কার্যক্রম পরিচালনা করতে আগ্রহী। বর্ণিত প্রেক্ষাপটে, নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলোঃ

(ক) বিশেষ CSR খাতে বরাদ্দের ৫০ শতাংশ রাজশাহী ও খুলনা বিভাগের আওতাধীন জেলাসমূহে ব্যয় করতে হবে এবং অবশিষ্ট ৫০ শতাংশ বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২১ এর অনুচ্ছেদ নং-৫ এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী অন্যান্য সিটি কর্পোরেশন/জেলা/উপজেলা/ইউনিয়ন পর্যায়ে ব্যয় করতে হবে। ইতোমধ্যে বিশেষ CSR খাতে বরাদ্দের ৫০ শতাংশের বেশী অর্থ রাজশাহী ও খুলনা অঞ্চলের বাইরে ব্যয় করা হয়ে থাকলে অবশিষ্ট সম্পূর্ণ অর্থ রাজশাহী ও খুলনা অঞ্চলে ব্যয় করতে হবে;

(খ) বিশেষ CSR কার্যক্রম সম্পাদনের সুবিধার্থে জেলা প্রশাসক/এনজিও/এমএফআই'র পাশাপাশি ব্যাংকসমূহ নিজস্ব ব্যবস্থাপনায়ও বিশেষ CSR কার্যক্রম পরিচালনা করতে পারবে। নিজস্ব ব্যবস্থাপনায় বিশেষ CSR কার্যক্রম পরিচালনার ক্ষেত্রেও পৃথক হিসাব সংরক্ষণ করতে হবে;

(গ) বিশেষ CSR খাতে বরাদ্দকৃত অতিরিক্ত অর্থ ১৬ আগস্ট ২০২১ তারিখের মধ্যে বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২১ এর অনুচ্ছেদ নং-৪ এ বর্ণিত ক্ষেত্রে CSR হিসেবে ব্যয় করতে হবে এবং বিশেষ CSR সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করে এতদসংক্রান্ত বাস্তবায়ন প্রতিবেদন আগামী ৩১ আগস্ট ২০২১ তারিখের মধ্যে মহাব্যবস্থাপক, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক বরাবর দাখিল করতে হবে; এবং

(ঘ) উল্লিখিত নির্দেশনা ব্যতীত বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২১ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২